# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ
অফিস ঃ ৯৫১১২৯৩, ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

Phone :
Office : 9511293, 9555133
Fax : 88-02-9564763


স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৯(১ম খন্ড)/৭৮ তারিখঃ ১২-০৩-২০১৯ খ্রিঃ

## দপ্তরাদেশ

টাঙ্গাইল জেলায় বাস্তবায়নাধীন এডিপিভুক্ত (১) "টাঙ্গাইল জেলার গোপালপুর ও ভূয়াপুর উপজেলাধীন যমুনা নদীর বামতীরবর্তী কাউলীবাড়ী ব্রীজ হতে শাখারিয়া (ভরুয়া-বটতলা) পর্যন্ত তীর সংরক্ষণ কাজ" এবং (২) টাঙ্গাইল জেলার ভূঞাপুর উপজেলার অর্জুনা নামক এলাকাকে যমুনা নদীর ভাঙ্গন হতে রক্ষার্থে তীর সংরক্ষণ প্রকল্প" এর দৈর্ঘ্য বর্ধিত করণের নিমিত্ত প্রকল্প ২টি সংশোধনের সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন তৈরীর জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি কারিগরি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব লিটন কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা(অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা দপ্তর, বাপাউবো, ঢাকা | সদস্য |
| ৪। | জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম, গবেষণা কর্মকর্তা(পরিবেশ ও বন), প্রকল্প মূল্যায়ন দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | নির্বাহী প্রকৌশলী, টাঙ্গাইল পওর বিভাগ, বাপাউবো, টাঙ্গাইল। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রকল্পটির বাঁধ পুনঃনির্মাণ ও প্রতিরক্ষা কাজ বাস্তবায়নে মাঠ পর্যায়ের পরিবর্তিত পরিস্থিতিতে সংশোধিত নকশা অনুযায়ী অতিরিক্ত কাজ গ্রহণ ও ব্যয়ের যৌক্তিকতা নির্ধারণ করতঃ প্রবাহের প্রকৃতি, প্রভাব ও গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শনপূর্বক ডিপিপি সংশোধনের যথার্থতা নিরূপণ করবেন;

গ) বর্তমানে প্রস্তাবিত ভৌত কাজ বাস্তবায়নে প্রকল্পের উদ্দেশ্যের সাথে সঙ্গতি রেখে বিদ্যমান পানি নিয়ন্ত্রণ কাঠামোসমূহের কার্যকারিতা, গ্রহণযোগ্যতা ও নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজনীয়তাসহ প্রকল্পের সার্বিক দিক পুনঃবিবেচনাপূর্বক প্রয়োজন অনুযায়ী সুপারিশসহ ডিপিপি সংশোধনের যৌক্তিকতা নিরূপণ করবেন;

ঘ) প্রস্তাবিত এলাকার সকল নদী/খালসমূহ পুনরুদ্ধার ও ব্যবস্থাপনার নিরীখে নদী/খালসমূহের ভাঙ্গন প্রতিরোধকল্পে স্থায়ী নদী তীর প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট নদী/খালসমূহের (channels) নাব্যতা বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ ড্রেজিং কাজের সংস্থান, বিদ্যমান অবকাঠামোর পুনর্বাসন এবং অন্যান্য কাজের বা অবকাঠামো নির্মাণ/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;

ঙ) খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন;

চ) প্রস্তাবিত আরডিপিপি'র অঙ্গসমূহ সংযোজন-বিয়োজনের ফলে ইতোপূর্বে প্রস্তুতকৃত ডিপিপিতে কোন অসামঞ্জস্যতা থাকলে তা নিরসনের সুপারিশমালা পেশ করবেন;

ছ) বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ বিস্তারিত তথ্য-উপাত্ত ভিত্তিক প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে বর্তমানে প্রস্তাবিত অংগসমূহের পরিমাণের হ্রাস-বৃদ্ধির যথার্থতা নিরূপণ করে প্রাক্কলন প্রস্তুত/যাচাই করবেন এবং উক্ত নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

জ) প্রকল্প বাস্তবায়নে পরিবর্তিত পরিস্থিতিতে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করবেন;

ঝ) বর্ণিত স্থানসমূহ রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন।

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন এবং প্রয়োজনে দাখিলকৃত প্রতিবেদন চুড়ান্তকরনের জন্য বোর্ডে অনুষ্ঠিতব্য সভায় আলোচনার জন্য পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ উপস্থাপন করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy**(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১২/০৩/১৯

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

চলমান পৃষ্ঠা-২

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
২। জনাব লিটন কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা(অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা দপ্তর, বাপাউবো, ঢাকা
৪। জনাব মোঃ আমিনুল ইসলাম, গবেষণা কর্মকর্তা(পরিবেশ ও বন), প্রকল্প মূল্যায়ন দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী, টাঙ্গাইল পওর বিভাগ, বাপাউবো, টাঙ্গাইল।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৩-৪। পরিচালক, যুগ্ম-প্রধান পরিকল্পনা দপ্তর/ প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৭-৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ইস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

৪৮৫৩ ১৩।৩।১৯